রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কল্যাণ শাখা

## প্রজ্ঞাপন

তারিখ : ২২ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ/ ০৪. মে, ২০১৫ খ্রিঃ

## বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৫

নং-৪৯.০০.০০০০.২০১.০৩৭.১৪-১৪৪—যেহেতু বাংলাদেশের বৈদেশিক মুদ্রা রিজার্ভের একটি উল্লেখযোগ্য অংশ অনাবাসি বাংলাদেশিদের প্রেরিত অর্থ হইতে অর্জিত হয়; এবং

যেহেতু দেশের অর্থনীতিতে তাঁহাদের এই গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ সরকার প্রতিবৎসর অনাবাসি বাংলাদেশিদের মধ্য হইতে গুরুত্বপূর্ণ অনাবাসি বাংলাদেশিগণকে (Important Non Resident Bangladeshi) বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :—

সেহেতু উক্ত উদ্দেশ্য পূরণকল্পে সরকার এতদ্‌দ্বারা নিম্নরূপ নীতিমালা (Policy) প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই নীতিমালা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। **বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) এর শ্রেণীবিন্যাস ও সংখ্যা।**—বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) অতঃপর সিআইপি (এনআরবি) বলিয়া উল্লিখিত, নির্বাচনের শ্রেণীবিন্যাস ও সংখ্যা হইবে নিম্নরূপ, যথা :—

| ক্রমিক নং | নির্বাচনের শ্রেণীবিন্যাস | সংখ্যা |
|---|---|---|
| ১। | বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী অনাবাসি বাংলাদেশি | সর্বোচ্চ ২০ জন |
| ২। | বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী অনাবাসি বাংলাদেশি | সর্বোচ্চ ৫০ জন |
| ৩। | বিদেশে বাংলাদেশি পণ্যের আমাদানিকারক অনাবাসি বাংলাদেশি | সর্বোচ্চ ২০ জন |



মূল্য ঃ টাকা ৮.০০

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কল্যাণ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২২ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ/ ০৪. মে, ২০১৫ খ্রিঃ

## বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৫

নং-৪৯.০০.০০০০.২০১.০৩৭.১৪-১৪৪—যেহেতু বাংলাদেশের বৈদেশিক মুদ্রা রিজার্ভের একটি উল্লেখযোগ্য অংশ অনাবাসি বাংলাদেশিদের প্রেরিত অর্থ হইতে অর্জিত হয়; এবং

যেহেতু দেশের অর্থনীতিতে তাঁহাদের এই গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ সরকার প্রতিবৎসর অনাবাসি বাংলাদেশিদের মধ্য হইতে গুরুত্বপূর্ণ অনাবাসি বাংলাদেশিগণকে (Important Non Resident Bangladeshi) বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :—

সেহেতু উক্ত উদ্দেশ্য পূরণকল্পে সরকার এতদ্‌দ্বারা নিম্নরূপ নীতিমালা (Policy) প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম**।—এই নীতিমালা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। **বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) এর শ্রেণীবিন্যাস ও সংখ্যা**।—বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) অতঃপর সিআইপি (এনআরবি) বলিয়া উল্লিখিত, নির্বাচনের শ্রেণীবিন্যাস ও সংখ্যা হইবে নিম্নরূপ, যথা :—

| ক্রমিক নং | নির্বাচনের শ্রেণীবিন্যাস | সংখ্যা |
|---|---|---|
| ১। | বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী অনাবাসি বাংলাদেশি | সর্বোচ্চ ২০ জন |
| ২। | বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী অনাবাসি বাংলাদেশি | সর্বোচ্চ ৫০ জন |
| ৩। | বিদেশে বাংলাদেশি পণ্যের আমাদানিকারক অনাবাসি বাংলাদেশি | সর্বোচ্চ ২০ জন |



মূল্য ঃ টাকা ৮.০০

৩। **সিআইপি (এনআরবি) [শিল্পখাতে বিনিয়োগকারী] নির্বাচনের যোগ্যতা।**—সিআইপি (এনআরবি) [শিল্পখাতে বিনিয়োগকারী] নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্ণায়কগুলি বিবেচনা করা হইবে, যথা :—

(১) একটি ক্যালেন্ডার বৎসরের জন্য পূর্ববর্তী অর্থ বৎসরে অনাবাসি বাংলাদেশি কর্তৃক বাংলাদেশের শিল্পখাতে বিনিয়োগের পরিমাণ;

(২) শিল্পখাতে মূলধন হিসাবে ৩ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদূর্দ্ধ পরিমাণ বৈদেশিক মুদ্রা বিনিয়োগ; এবং

(৩) শিল্প প্রতিষ্ঠান বাস্তবায়নাধীন হইলে যন্ত্রপাতি প্রেরণের প্রমাণপত্র যেমন-বিল অব ল্যাডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উল্লিখিত বৈদেশিক মুদ্রার লেনদেনের পরিমাণ।

৪। **সিআইপি (এনআরবি) [বৈদেশিক মুদ্রা প্রেরণকারী] নির্বাচনের যোগ্যতা।**—সিআইপি (এনআরবি) [বৈদেশিক মুদ্রা প্রেরণকারী] নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্ণায়কগুলো বিবেচনা করা হইবে, যথা :—

(১) একটি ক্যালেন্ডার বৎসরের জন্য পূর্ববর্তী অর্থ বৎসরে ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরিত অপ্রত্যাবাসনযোগ্য বৈদেশিক মুদ্রার পরিমাণ; এবং

(২) অপ্রত্যাবাসনযোগ্য ন্যূনতম ২,০০,০০০ (দুই লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলের মাধ্যমে বাংলাদেশে প্রেরণ।

৫। **সিআইপি (এনআরবি) [আমদানিকারক] নির্বাচন যোগ্যতা।**—সিআইপি (এনআরবি) [আমদানিকারক] নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্ণায়কগুলি বিবেচনা করা হইবে, যথা :—

(১) একটি ক্যালেন্ডার বৎসরের জন্য পূর্ববর্তী অর্থ বৎসরে উক্ত অনাবাসি বাংলাদেশি কর্তৃক বাংলাদেশ হইতে কি পরিমাণ অর্থের পণ্য আমদানি করা হইয়াছে উহার পরিমাণ।

(২) বিবেচ্য বৎসরে ন্যূনতম ৩ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার Free on Board (FOB) বাংলাদেশি পণ্য আমদানি করিতে হইবে।

(৩) আমদানিকৃত পণ্যের মূল্য পরিশোধের প্রমাণপত্র দাখিল করিতে হইবে।

(৪) অধিক মূল্য সংযোজন সম্পন্ন পণ্য (Higher Value Added Product) ও পণ্য আমদানিকারককে অগ্রাধিকার প্রদান।

৬। **সিআইপি (এনআরবি) নির্বাচনের অযোগ্যতা।**—নিম্নবর্ণিত ক্ষেত্রে কোন ব্যক্তি সিআইপি (এনআরবি) হিসাবে নির্বাচিত হইবার অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথা:—

(১) সিআইপি (এনআরবি) হিসাবে নির্বাচিত হইবার জন্য আবেদনকারী ঋণখেলাপী হইলে; অথবা

(২) বৈদেশিক ক্রেতার সঙ্গে বাণিজ্য বিরোধ (বাণিজ্য বিরোধ সংক্রান্ত তথ্য বাণিজ্য মন্ত্রণালয় সরবরাহ করিবে) থাকিলে এবং আবেদনকারী উক্ত বিরোধ সমাধানে আগ্রহী না হইলে বা দীর্ঘসূত্রিতার পন্থা অবলম্বন করিলে; অথবা

(৩) আবেদনকারী আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হইলে এবং সাজা ভোগ করিবার পর পাঁচ বৎসর সময় অতিবাহিত না হইলে কিংবা অন্য কোন কারণে অবাঞ্ছিত ব্যক্তি বিবেচিত হইলে; অথবা

(৪) সিআইপি (এনআরবি) হিসাবে নির্বাচিত হইবার জন্য আবেদনকারী ভুল তথ্য প্রদান করিলে এবং যদি উক্ত ভুল প্রমাণিত হয় তাহা হইলে কোন ব্যক্তি সিআইপি (এনআরবি) হিসাবে নির্বাচিত হইয়া থাকিলেও তিনি অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন এবং এ ছাড়াও তিনি ভবিষ্যতে সিআইপি (এনআরবি) হিসাবে নির্বাচিত হইবার জন্য আবেদন করিতে পারিবেন না।

৭। **সিআইপি (এনআরবি) নির্বাচনের প্রক্রিয়া।**—সিআইপি (এনআরবি) নির্বাচন প্রক্রিয়া প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ২ (দুই)টি কমিটির মাধ্যমে সম্পন্ন করিবে :—

(ক) প্রাথমিক বাছাই কমিটি:—

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (মিশন ও কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২। | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এর প্রতিনিধি | সদস্য |
| ৩। | ব্যবস্থাপনা পরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রতিনিধি | সদস্য |
| ৪। | উপসচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৫। | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য সচিব |

প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাই কমিটি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক তালিকা প্রস্তুত করিয়া তদ্‌সম্পর্কিত তথ্যাদি জানাইবার জন্য ক্ষেত্রমত স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয় এবং বিনিয়োগ বোর্ডের নিকট তালিকার একটি কপি প্রেরণ করিবে।

(খ) চূড়ান্ত বাছাই কমিটি:—

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব/ যুগ্মসচিব (মিশন ও কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২। | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এর প্রতিনিধি | সদস্য |
| ৩। | বাংলাদেশ ব্যাংক এর প্রতিনিধি | সদস্য |
| ৪। | জাতীয় রাজস্ব বোর্ড এর প্রতিনিধি | সদস্য |
| ৫। | স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি | সদস্য |
| ৬। | বাণিজ্য মন্ত্রণালয় এর প্রতিনিধি | সদস্য |
| ৭। | পররাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি | সদস্য |
| ৮। | বিনিয়োগ বোর্ড এর প্রতিনিধি | সদস্য |
| ৯। | উপসচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য সচিব |

সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হইতে প্রাপ্ত মন্তব্য/তথ্যাদি পাইবার পর চূড়ান্ত বাছাই কমিটি সিআইপি (এনআরবি) নির্বাচনের জন্য তালিকা প্রণয়ন করিয়া বিবেচনার জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে পেশ করিবে।

৮। **সিআইপি (এনআরবি) নির্বাচনের বিজ্ঞাপন প্রকাশ।**—

(১) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ এবং বাংলাদেশের প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন প্রকাশের মাধ্যমে সিআইপি (এনআরবি) নির্বাচনের জন্য আবেদনপত্র আহবান করিতে হইবে।

(২) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে উক্ত বিজ্ঞাপন প্রকাশ করা হইবে।

৯। **সিআইপি (এনআরবি) নির্বাচিত হইবার জন্য আবেদন।**—অনুচ্ছেদ ৩, ৪ এবং ৫নং এ বর্ণিত সিআইপি (এনআরবি) [শিল্পখাতে বিনিয়োগকারী/বৈদেশিক মুদ্রা প্রেরণকারী/আমদানিকারক] নির্বাচিত হইবার জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে।

১০। **সিআইপি (এনআরবি) নির্বাচন ক্যালেন্ডার।**—নিম্নবর্ণিত ক্যালেন্ডার মোতাবেক সিআইপি (এনআরবি) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হইবে ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | সময়সূচী |
|---|---|---|
| ১। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞপ্তি প্রচার, দরখাস্ত আহবান ও গ্রহণ। | ১ - ৩১ আগস্ট |
| ২। | বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঋণখেলাপী ও হুন্ডি সংক্রান্ত এবং বাণিজ্য মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট বিভাগ/সংস্থা হইতে বাণিজ্য বিরোধ সংক্রান্ত অভিযোগ সম্পর্কে তথ্য সংগ্রহ। | ১ -১৫ সেপ্টেম্বর |
| ৩। | বাছাই কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়া সম্পন্নকরণ এবং সিআইপি (এনআরবি) এর তালিকা সম্পর্কে ছাড়পত্র/মতামতের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড ও সংশ্লিষ্ট বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে মতামতের জন্য প্রেরণ। | ১৬ -৩০ সেপ্টেম্বর |
| ৪। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড ও সংশ্লিষ্ট বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হইতে ছাড়পত্র/মতামত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ। | ১ - ৩১ অক্টোবর |
| ৫। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নির্বাচন প্রক্রিয়া চূড়ান্তকরণ এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ। | ১ - ১৫ নভেম্বর |
| ৬। | সিআইপি (এনআরবি) হিসেবে পরবর্তী বছরের জন্য ঘোষণা প্রদান। | ১৬ নভেম্বর হইতে ১৫ ডিসেম্বর |

১১। **নির্বাচিত সিআইপি (এনআরবি) এর তালিকার প্রজ্ঞাপন প্রকাশ।**—(১) নির্বাচিত সিআইপি (এনআরবি) এর তালিকা প্রজ্ঞাপন জারীর মাধ্যমে প্রকাশ করা হইবে।

(২) নির্বাচিত সিআইপি (এনআরবি) এর সুযোগ-সুবিধার মেয়াদ প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে ১ (এক) বছরের জন্য কার্যকর থাকিবে।

১২। **সিআইপি (এনআরবি) নির্বাচনের অন্যান্য বিষয়।**—(১) সিআইপি (এনআরবি) এর নির্বাচনের প্রাথমিক তালিকা প্রস্তুত করার পর স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড ও বিদেশস্থ মিশনসমূহ হইতে ছাড়পত্র/মতামত গ্রহণ করিতে হইবে এবং এক মাসের মধ্যে উক্ত ছাড়পত্র/মতামত প্রদান না করা হইলে সংশ্লিষ্ট সিআইপি হইবার জন্য আবেদনকারীর বিরুদ্ধে কোন অভিযোগ নাই বলিয়া গণ্য করা হইবে।

(২) কোন ব্যক্তি একই সাথে সিআইপি (এনআরবি) [শিল্পখাতে বিনিয়োগকারী/বৈদেশিক মুদ্রা প্রেরণকারী/ আমদানিকারক] নির্বাচিত হইয়া থাকিলে তাঁহার ইচ্ছা অনুযায়ী তিনি যে কোন একটির জন্য নির্বাচিত হইবেন।

(৩) সিআইপি (এনআরবি) এর পরিচয়পত্রের মেয়াদ উত্তীর্ণ হইবার পর এক সপ্তাহের মধ্যে উহা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে জমা দিতে হইবে।

১৩। **নির্বাচিত সিআইপি (এনআরবি) এর প্রাপ্য সুযোগ-সুবিধা।**—

(১) নির্বাচিত সিআইপি (এনআরবি)গণকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হইতে সরকার অনুমোদিত পরিচয়পত্র প্রদান করা হইবে।

(২) সিআইপি(এনআরবি)গণ তাঁহাদের পরিচয়পত্রের মেয়াদকালীন সময়ে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশপত্র পাইবেন।

(৩) সিআইপি (এনআরবি) সরকার কর্তৃক নিয়োজিত সংশ্লিষ্ট বিষয়ক নীতি নির্ধারণী কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হইবার ক্ষেত্রে যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারিবেন।

(৪) দেশে ও বিদেশে উচ্চপদস্থ কর্মকর্তাদের সংগে বৈঠকে সিআইপি (এনআরবি)গণ অগ্রাধিকার পাইবেন।

(৫) সিআইপি (এনআরবি)গণ বিজয় দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা, একুশে ফেব্রুয়ারি, আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস ও আন্তর্জাতিক অভিবাসি দিবস ইত্যাদি গুরুত্বপূর্ণ দিবস উপলক্ষে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে আমন্ত্রিত হইবেন।

(৬) ব্যবসা সংক্রান্ত ভ্রমণে বিমান, রেল, সড়ক ও জলযানে আসন সংরক্ষণের ক্ষেত্রে সিআইপি (এনআরবি)গণ অগ্রাধিকার পাইবেন।

(৭) সিআইপি (এনআরবি)গণ তাঁহাদের স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারি হাসপাতালে কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাইবেন।

(৮) সিআইপি (এনআরবি) বাংলাদেশে বিনিয়োগ করিলে বিদেশী বিনিয়োগকারীদের অনুরূপ সুযোগ-সুবিধা পাইবেন এবং তাহাদের বিনিয়োগ Foreign Private Investment (Promotion and Protection) Act, 1980 (Act No.X1 of 1980) এর বিধান অনুসারে সংরক্ষণ করা হইবে।

(৯) সিআইপি (এনআরবি) বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ-"চামেলী" ব্যবহার এবং স্পেশাল হ্যান্ডলিং এর সুবিধা পাইবেন।

১৪। **সিআইপি (এনআরবি) সম্পর্কিত সুযোগ-সুবিধা প্রত্যাহার।**—সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপন জারীর মাধ্যমে, কোন কারণ প্রদর্শন ব্যতীত, কোন ব্যক্তিকে প্রদত্ত সিআইপি (এনআরবি) সুযোগ-সুবিধা প্রত্যাহার করিতে পারিবে।

১৫। ইতিপূর্বে জারীকৃত সিআইপি নির্বাচন সংক্রান্ত প্রজ্ঞাপন নং-প্রকবৈকম-০২/০০০৪(৩)২০০২/৫৩৬ তারিখ: ২৬ জুলাই ২০০৬ এতদ্দ্বারা বাতিল করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কালাচাঁদ সরকার
সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd